

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রশাসন পরিপত্র নং-০৭/২০১৫

তারিখ : ১৫-০৩-১৪২২ বঙ্গাব্দ
২৯-০৬-২০১৫ খ্রিষ্টাব্দ


বিষয় : 'সাইবার ক্রাইম' সংঘটনের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সম্প্রতি কর্তৃপক্ষের গোচরে এসেছে যে, জ্ঞাত/অজ্ঞাতসারে কিছু অসাধু ব্যক্তি কর্তৃক অত্র ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়ের e-mail address ব্যবহার করে কিংবা Computer source documents এর tampering করে কিংবা Computer source code এর অপব্যবহারের মাধ্যমে বিভিন্ন প্রকার ভূয়া তথ্য ইন্টারনেটে ছড়িয়ে দেয়ার অপপ্রয়াস চালানো হচ্ছে। কোন কোন ক্ষেত্রে Computer source থেকে তথ্য মুছে ফেলা কিংবা ডাটা/তথ্য পরিবর্তন করার প্রয়াসও চালানো হচ্ছে, যা Cyber crime হিসেবে শাস্তিযোগ্য অপরাধ। তাছাড়া, কম্পিউটার পরিচালক/Application user/Passing Officer/ Administrator বা কম্পিউটারের অন্যবিধ অফিসিয়াল ব্যবহারকারীগণ ক্ষেত্রবিশেষে তাদের স্ব-স্ব Password ব্যাংকের বিদ্যমান ICT Security Policy মোতাবেক যথাযথ গোপনীয়তার সাথে সংরক্ষণ না করে তার অপব্যবহারের মাধ্যমে নানা প্রকার অবৈধ লেন-দেন সংঘটনের সুযোগ সৃষ্টি করে দিচ্ছেন। ফলে প্রায়শই ব্যাংক আর্থিক ক্ষতি কিংবা ক্ষতি-বুঁকির সম্মুখীন হচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী ব্যাংকের বিদ্যমান ICT Security Policy এর প্রতি উপেক্ষা প্রদর্শনের মাধ্যমে উক্তরূপ অপরাধ সংঘটন করলে কিংবা অপরাধ সংঘটনের সুযোগ সৃষ্টি করে দিলে তার বিরুদ্ধে বিভাগীয় শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি রাষ্ট্রীয় Cyber Crime নিরোধ সংক্রান্ত আইনের আওতায় যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে -


(এ, আর, মামুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৫৬৯১১

বিতরণ:

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিকেবি।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/সকল উপ-মহাব্যবস্থাপক, অন্যান্য কর্পোরেট শাখা, বিকেবি।
- ০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।


নং প্রকা/এইচআরএমডি-২/৩৮/২০১৪-২০১৫/২৬৮৯(১২৫০)

তারিখ : ১৫-০৩-১৪২২ বঙ্গাব্দ
২৯-০৬-২০১৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি (পরিপত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।




(মো: মিজানুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক